দৈনিক বাংলা

তারিখ 15 NOV 1991
পৃষ্ঠা ৪ কলাম ৪

৪৮

48

# বেসরকারী ভার্সিটি স্থাপন প্রশ্নে শিক্ষা মন্ত্রণালয়ে আলোচনা

শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বৃহস্পতিবার অনুষ্ঠিত / এক সভায় বিদেশী বিশ্ববিদ্যালয়ের মানে বাংলাদেশে বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়েছে। সভায় সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী জমিরুদ্দীন সরকার। খবর বাসসর।

বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহের প্রস্তাবিত কাঠামো, কর্তৃত্ব, পাঠক্রম, মর্যাদা ও পরীক্ষা ব্যবস্থা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনের শর্তসমূহ বিবেচনা করা হয়েছে এবং উচ্চ শিক্ষার গুণগত মান অর্জনের জন্য শিক্ষার উঁচুমান বজায় রাখার ওপর গুরুত্ব আরোপ করা হয়।

শিক্ষা সচিব মুস্তাফিজুর রহমান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর এম শামসুল হক, জাতীয় অধ্যাপক নূরুল ইসলাম, শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা এবং প্রস্তাবিত বিভিন্ন বেসরকারী বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা সভায় উপস্থিত ছিলেন।